


**আ**

উটসোর্সিং কাজ করে আয় করার ওপর প্রশিক্ষণভিত্তিক ধারাবাহিক
লেখার সপ্তম পর্বে কিন্ডল টেক্স্ট বুক ক্রিয়েটরের ওপর
আলোকপাত করা হচ্ছে।


অ্যামাজনে বই বিক্রি করে আয় করতে হলে বইয়ের লাভজনক
ফরম্যাটের ওপর নজর রাখতে হবে। সারাবিশ্বে অসংখ্য পাঠক অ্যামাজনের কিন্ডল
ডিভাইস ব্যবহার করে বই পড়ার জন্য এবং অ্যামাজনের কিন্ডল
ডিভাইসে যে বই পড়া হয়, তা .kcb ফরম্যাটে। এই ফরম্যাটে বই তৈরি
করতে হলে আপনাকে দুটি সফটওয়্যার ব্যবহার করতে হবে : প্রিমো
পিডিএফ এবং কিন্ডল টেক্স্ট বুক ক্রিয়েটর। এ দুটো সফটওয়্যারই বিনামূল্যে
পাওয়া যায়।



প্রথমে আপনার বইটি এমএ ওয়ার্ডে তৈরি করুন।




এরপর প্রিমো পিডিএফ সফটওয়্যারটি ডাউনলোড করে ইনস্টল করলে
আপনার কম্পিউটার ডেস্কটপে এর একটি আইকন তৈরি হবে। প্রিমো
পিডিএফ সফটওয়্যারটি ওপেন করতে হয় না। ওয়ার্ডে লেখা বইটিকে মাউস
দিয়ে টেনে প্রিমো পিডিএফ সফটওয়্যারটির আইকনের ওপর ছেড়ে দিলেই
আপনার বইটি পিডিএফ ফরম্যাটে তৈরি হয়ে যাবে। বইটি পিডিএফ হয়ে
একই জায়গায় সেভ হবে।



এ লেখায় কিন্ডল টেক্স্ট বুক ক্রিয়েটরে কাজ করার কৌশল দেখানো
হচ্ছে। কিন্ডল টেক্স্ট বুক ক্রিয়েটরের মাধ্যমে আপনি আপনার বইয়ের
ভেতর ভিডিও, অডিও, ছবি দিতে পারবেন। কিন্ডল টেক্স্ট বুক ক্রিয়েটরের
মাধ্যমে আপনি সরাসরি অ্যামাজনের কিন্ডল প্যাগলিকেশনে বই আপলোড
করে দিতে পারবেন, যেখান থেকে ক্রেতারা সবসময়ই বই কিনছেন।

<http://www.amazon.com/gp/feature.html?docId=1002998671>
লিঙ্ক থেকে কিন্ডল টেক্স্ট বুক ক্রিয়েটর সফটওয়্যারটি ডাউনলোড করে
ইনস্টল করুন।



ইন্টারনেটে আয়ের

অনেক পথ

পর্ব-৭

ইঞ্জিনিয়ার নাহিদ মিথুন


এবার সফটওয়্যারটি চালু করে File → UI Languge → English
সিলেক্ট করুন।



কিন্ডল টেক্স্ট বুক ক্রিয়েটরের বাম পাসের প্যানেল থেকে পেজ ডিলিট,
ইনসার্ট, মুভ করতে পারবেন।



কিন্ডল টেক্স্ট বুক ক্রিয়েটরের ডান পাশে প্রপার্টিজ প্যানেলে পেজ
টাইটেল, পেজ প্রপার্টিজ, নাম্বার এড-রিমুভ ইমেজ করা যাবে।



ডান পাশের ডাইগ্রো থেকে প্রিভিউতে ক্লিক করলে কিন্ডল ডিভাইসে বইটি
দেখা যাবে। এবার অনুযায়ী বইটি পরিবর্তন করতে পারবেন। কিন্ডল টেক্স্ট
বুক ক্রিয়েটরের মাঝের অংশ হলো ওয়ার্কিং এরিয়া। উপরের মেনুর নিচে জুম
থেকে মাঝের ওয়ার্কিং এরিয়া ছোট-বড় করতে পারবেন।

মেনুর ভিউ থেকে ওয়ার্কিং এরিয়া রিসাইজ ও রুলার শো-হাইড করাতে
পারবেন।

